গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সেন্সাস উইং
নৌযান শুমারি কার্যক্রম
পরিসংখ্যান ভবন (১০ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৪০০.১৪.০০১.২৫.১৮

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: নৌপরিবহন অধিদপ্তরের আর্থিক সহায়তায় বিবিএস কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান এবং ঘাটের তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত নৌপরিবহন অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে গত ২১/০৮/২০২৫ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে চলতি অর্থবছরে নৌযান শুমারির লিস্টিং/ম্যাপিং অপারেশন পরিচালনার পরিকল্পনা রয়েছে।

০২। লিস্টিং অপারেশনের জন্য সম্ভাব্য লিস্টার সংখ্যা প্রাক্কলনের নিমিত্ত দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান এবং ঘাটের তথ্যাদি জানা প্রয়োজন হবে। উল্লেখ্য, **নৌযান শুমারির মাধ্যমে বাংলাদেশের সকল সমুদ্রগামী, উপকূলীয় এবং অভ্যন্তরীণ জলসীমায় চলাচলকারী ইঞ্জিনচালিত নৌযান এবং ডাম্ববার্জ ও অন্যান্য যেকোন নৌযান যা যন্ত্রচালিত নয়, তবে অন্য কোন যন্ত্রচালিত নৌযান দ্বারা টেনে বা ধাক্কায় চালিত হয়, এরুপ সকল নৌযানসমূহের ডাটাবেইজ প্রণয়ন করা হবে।**

০৩। বর্ণিতাবস্থায়, নৌযান শুমারি পরিচালনার লক্ষ্যে দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান (রেজিস্ট্রার্ড এবং আনরেজিস্ট্রার্ড) ও ঘাটের হালনাগাদ তথ্যাদি নিম্নবর্ণিত ছক মোতাবেক জেলাভিত্তিক আগামী ১৫/০৯/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোনো এলাকায় ঘাটের সংখ্যা বর্ষা মৌসুমে বেশি হলে তা বিবেচনায় নিয়ে হিসাব প্রণয়ন করতে হবে।

| ক্রমিক | বিভাগ | জেলা | উপজেলা | ঘাটের নাম | নৌযান সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| মোট | | | | | | |

০৪। এতে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদন রয়েছে।

০১/০৯/২৫
মোঃ আরিফ হোসেন
উপপরিচালক
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ই-মেইলঃ arifbbs30@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) উপপরিচালক/উপপরিচালক (ভারপ্রাপ্ত)/উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান অফিস
সুনামগঞ্জ
www.bbs.sunamganj.gov.bd

নং- ৫২.০১.৯০০০.০০০.১৪.০০৮.২৫.২৩৮

তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৫

উপর্যুক্ত পত্রের মর্মানুসারে আগামী ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে হার্ডকপি জনাব মৃণাল কান্তি দাশ, পরিসংখ্যান সহকারী (০১৮৮৫-১২৮৮৭৪) এর নিকট জমা প্রদান এবং সফট কপি ddbbssunamganj@gmail.com এ প্রেরণের জন্যে অনুরোধ করা হলো।

০২.০৯.২০২৫
মুশফিকুর রহমান পারভেজ
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
☎ ০২৯৯৮৮৪২১২৭
✉ ddbbssunamganj@gmail.com

পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান অফিস,.......(সকল), সুনামগঞ্জ।